75

দৈনিক বাংলা

তারিখ ... 23 JAN 1996 ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৪ ...

# পরীক্ষার ফি তিনগুণ আদায় করা হয়েছে

**নিজস্ব সংবাদদাতা ঃ পঞ্চগড়।**— পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলায় এসএসসি পরীক্ষার ফি ৩ গুণ আদায় করা হয়েছে।

গত ডিসেম্বর মাসের ২৫ তারিখ থেকে এসএসসি পরীক্ষার ফরম পূরণ শুরু হয়। স্বাভাবিক নিয়মে ৭ জানুয়ারী ছিল ফরম পূরণের শেষ দিন। এরই মধ্যে প্রায় সকল মাধ্যমিক স্কুলই ফরম পূরণের ব্যাপারে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছে। অতীতের সকল রেকর্ড ভঙ্গ করে এবার গলাকাটা ফি আদায় করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড নিয়মিত বিজ্ঞান বিভাগ ৫৪০ টাকা, অনিয়মিত ৬১৫ টাকা, সমাজ-বিজ্ঞান বিভাগ নিয়মিত ৫০০ টাকা, অনিয়মিত ৫৭৫ টাকা এবং মার্চ '৯৬ পর্যন্ত বেতন গ্রহণ করতে পারবে বলে ধার্য করে দেয়। কিন্তু স্কুলগুলো, বিশেষ করে বেসরকারী স্কুলগুলো সেশন চার্জ, উন্নয়ন ফি, অনুষ্ঠিতব্য পরীক্ষার ৬ মাসের কোচিং ফি, বেতন, যাতায়াত, খেলাধুলা, বিদায় সংবর্ধনা, মিলাদসহ নানা রকম ফিসহ ১৮শ থেকে ৩ হাজার টাকাও আদায় করেছে। ফরম ফিলাপে বোর্ডের নির্ধারিত সময় পার হয়ে যাওয়ায় এখন এই ফির পরিমাণ আরও বেশী নেয়া হচ্ছে।

এ সকল ফি আদায়ের ক্ষেত্রে পাকা রসিদ দেয়া হচ্ছে না। অধিকাংশ স্কুলই শুধুমাত্র বোর্ড ফির টাকার রসিদই দিচ্ছে। ফরম পূরণের সময় ৬ মাসের কোচিং ফি নেয়া হলেও প্রকৃতপক্ষে কোন স্কুলই নিয়মিত ২ মাসের বেশী কোচিং করায় না। কোন ছাত্রছাত্রী বা অভিভাবক এই অতিরিক্ত ফি না দিতে চাইলে তাকে নানা রকম ঝামেলায় পড়তে হয়। এই ফি আদায়ের জন্য নির্বাচনী পরীক্ষায় যে সকল ছাত্রছাত্রী ফেল করে তাদেরও পাস দিয়ে দেয়া হয়।